# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৩০১৭

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১৭. প্রথম অনুচ্ছেদ - হাদিয়া (উপহার) ও হিবার (অনুদান) প্রসঙ্গে

بَابٌ فِى الْهِبَةِ وَالْهَدِيَّةِ

### আরবী

وَعَنْ أَنَسٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ لَا يَرُدُّ الطِّيبَ. رَوَاهُ الْبُخَارِيُّ

### বাংলা

৩০১৭-[২] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সুগন্ধি জাতীয় দ্রব্য ফিরিয়ে দিতেন না। (বুখারী)[1]

### ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৯২৯, তিরমিযী ২৭৮৯, আহমাদ ১৩৭৪৯, সহীহ আল জামি‘ ৪৮৫২, মুখতাসারুশ্ শামায়িল ১৮৬।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: আবূ নু‘আয়ম বিশর বিন মু‘আয-এর সানাদে ‘আব্দুল ওয়ারিস থেকে বর্ণনা করেন, ‘আব্দুল ওয়ারিস ‘আযরাহ্ বিন সাবিত হতে বর্ণনা করেন, ‘আযরাহ্ বলেন, (دَخَلْتُ عَلٰى ثُمَامَةَ فَنَاوَلَنِي طِيبًا قُلْتُ قَدْ تَطَيَّبْتُ فَقَال كَانَ أَنَسٌ لَا يَرُدُّ الطِّيبَ) ‘‘আমি সুমামার কাছে পৌঁছলে, সে আমাকে সুগন্ধি দিল, আমি বললাম, আমি সবেমাত্র সুগন্ধি লাগিয়েছি, তখন সে বলল, আনাস সুগন্ধিকে ফেরত দিতেন না।’’ (ফাতহুল বারী ৫ম খন্ড, হাঃ ২৫৮২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68344

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন